সমকাল

তারিখ 16 OCT 2016
পৃষ্ঠা ... কলাম ...

# শিশুর ওপর থেকে বইয়ের বোঝা সরাতে হবে

—আনিসুজ্জামান

■ সমকাল প্রতিবেদক

ইমেরিটাস অধ্যাপক ড. আনিসুজ্জামান বলেছেন, 'আমরা শিশুবান্ধব একটি মানবিক বিশ্ব চাই। শিশুদের ওপর থেকে বইয়ের বোঝা সরিয়ে ফেলতে হবে। তারা যাতে আনন্দের সঙ্গে শিক্ষাগ্রহণ করতে পারে, সে বিষয়ে কাজ করতে হবে। সে সঙ্গে পাঠ্যবই পড়ার আগে শিশুকে মনের আবেগ ব্যক্ত করার সুযোগ করে দিতে হবে। এটাই হবে তার জন্য বড় শিক্ষা।'

গতকাল শনিবার বিশ্ব শিশু দিবস উপলক্ষে আয়োজিত এক আলোচনা সভায় তিনি এ কথা বলেন। শিশুকল্যাণ পরিষদ মিলনায়তনে শিশু নিকেতন আয়োজিত 'শিশু-কিশোরদের শিক্ষা ভাবনা, সাহিত্য-সংস্কৃতিচর্চা ও আজকের বাস্তবতা' শীর্ষক ওই আলোচনা সভা হয়। শিশু নিকেতনের সভাপতি সেলিনা খালেকের সভাপতিত্বে মূল প্রবন্ধ উপস্থাপন করেন এ আর মাহবুব। বক্তব্য রাখেন কবি কাইয়ূম নিজামী, ডা. মাজহারুল মান্না, এম আজিজুল ইসলাম, নাসের ইকবাল যাদু, নূরুল করিম চৌধুরী জিন্নাহ প্রমুখ।

বক্তারা বলেন, দেশি সংস্কৃতিচর্চা, নৈতিকতা, সৃজনশীলতা, মননশীলতা সর্বোপরি দেশপ্রেমের অভাবে অনেক শিশু বিপথে হাঁটছে। অধিকারবঞ্চিত শিশুরা পর্যাপ্ত সুযোগের অভাবে অকালে ঝরে যাচ্ছে। এ অবস্থা দূর করতে ছোটবেলা থেকেই শিশুদের মনে দেশপ্রেম ও মানবিক মূল্যবোধ প্রতিষ্ঠা করতে হবে।